আল ওয়ালা ওয়াল বারা

শায়খ আবু মুহাম্মাদ আইমান হাফিজাহুল্লাহ

উম্মাহর হারানো আকীদা

আল-ওয়ালা ওয়াল-বারা

শায়খ আবু মুহাম্মাদ আইমান হাফিজাহুল্লাহ

আল-হিদায়াহ পাবলিকেশন্স
বাংলাবাজার, ঢাকা-১১০০

ভূমিকা

ইসলামী ইতিহাসের এ দশকগুলো অবাধ্য-অহংকারী কুফরীশক্তি আর মুসলিম উম্মাহ ও তাদের নেতৃত্বদানকারী বীর মুজাহিদগণের মাঝে চলমান এক প্রচণ্ড যুদ্ধ প্রত্যক্ষ করছে। ওয়াশিংটন ও নিউইয়র্কের দু'টি বরকতময় হামলা এবং পরবর্তীতে ইসলামের বিরুদ্ধে বুশের নব্য ক্রুসেডযুদ্ধ বা সন্ত্রাসবিরোধী যুদ্ধের ঘোষণা দেওয়ার মাধ্যমে যা চরম পর্যায়ে পৌঁছেছে।

ইসলামে আল-ওয়ালা ওয়াল-বারার আকীদার গুরুত্ব অনুধাবন করা কতটা প্রয়োজন– তা এ যুদ্ধের বাস্তবতা ও ঘটনাবলি থেকেই স্পষ্ট হয়ে গেছে। তবে ইসলামী আকীদার এ গুরুত্বপূর্ণ ভিত্তির আমানত বাস্তবায়নের ক্ষেত্রে বাড়াবাড়ি ও ছাড়াছাড়ি সম্পর্কেও আমাদের জানা থাকা একান্ত কর্তব্য। আকীদার এ সুদৃঢ় স্তম্ভটির নিদর্শনকে নিশ্চিহ্ন করে দিয়ে শত্রুকে বন্ধুরূপে গ্রহণ এবং আল্লাহর সৎ বান্দাদের ওপর মিথ্যা অপবাদ আরোপ করে মুসলিম উম্মাহর সাথে ইসলামের দুশমন ও তাদের অনুসারী-সহযোগীরা যে ব্যাপক প্রতারণা করছে, তাও আমাদের জানতে হবে।

এরাই সেই শত্রু, যারা সামরিক ক্রুসেড আক্রমণের সাথে সাথে (ইসলামের বিরুদ্ধে) এক বুদ্ধিবৃত্তিক ও মনস্তাত্ত্বিক আক্রমণ চালিয়ে যাচ্ছে। এরাই আন্তর্জাতিক যায়নবাদী ইয়াহুদী ও ক্রুসেড শক্তির জরাজীর্ণ বাস্তবতাকে ঢেকে রাখার জন্য (মুসলিম উম্মাহর মাঝে) বুদ্ধিবৃত্তিক ও মনস্তাত্ত্বিক বিশৃঙ্খলা, বিকৃতকরণ ও গোলামিপূর্ণ মানসিকতার অবমাননাকর ধ্যানধারণা সৃষ্টির মাধ্যমে এক হীন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আমাদের দেশের সরকারগুলোই এর প্রকৃষ্ট উদাহরণ।

এটি সেই আক্রমণ, হক্ব-বাতিলের মধ্যকার সীমারেখা মুছে দেওয়াই যার একান্ত লক্ষ্য। যাতে শত্রু-মিত্র একাকার হয়ে যায় (এবং শত্রুকে মিত্র ভাবা হয়)। এমনকি ক্রমবর্ধমান ইসলামী জিহাদী শক্তিকে প্রতিহত করার অপকৌশল হিসেবে– লাঞ্ছনা, গোলামি, গাইরুল্লাহর প্রতি আনুগত্য

এবং মানবরচিত আইনে শাসন করা ইত্যাদি অপকর্মকে সাজিয়েগুছিয়ে পরিবেশন করা যায়। আর এর পাশাপাশি উম্মাহর বীর মুজাহিদীন, তাঁদের সাহায্যকারী ও তাঁদের পতাকাতলে সমবেত তাওহীদী জনতা ইজ্জত, জিহাদ ও হক্বের দাওয়াতের যে পতাকা উত্তোলন করছেন, সেটাকে বিকৃত করাও তাদের লক্ষ্য।

সত্য, সম্মান ও জিহাদের দাওয়াত যতই শক্তিশালী হচ্ছে, তার মোকাবেলায় বাতিলের চেঁচামেচি, লাঞ্ছনা, কাপুরুষতা ও নিষ্ফল কার্যক্রম ততই বেড়ে চলছে। এমনকি বাতিলপন্থীরা নিজদেরকে সোনালী যুগের সালাফদের আকীদা-বিশ্বাসের রক্ষক বলে অবিরাম চিল্লাচিল্লি করলেও, নিজেরা পূর্বেকার সেই উগ্র মুরজিয়াদের দাওয়াতকে লালন-পালন করতে কোনো দ্বিধাবোধ করে না। নিজেদেরকে শরীয়াহর অতন্দ্র প্রহরী ও প্রতিরক্ষাকারী দাবি করলেও পাপাচারী ধর্মনিরপেক্ষতাবাদীদের স্লোগান আওড়াতে সামান্যতম কুণ্ঠাবোধ করে না। তাই তো তাদের মতে, সে ব্যক্তি ক্ষতিকর নয়; যে সেনাবাহিনী, নিরাপত্তা বিভাগ, গণমাধ্যম বা বিচারক পদে চাকুরি করে সরকারের প্রতিরক্ষাকারী হিসেবে কাজ করে, কুফরী ধর্মনিরপেক্ষতাবাদের প্রতি দাওয়াত দেয়, ইসরাইলকে স্বীকৃতি দিতে প্রচারণা চালায় এবং তাদের আনুগত্য করে। অথচ সে একই সময়ে নামাজ পড়ে, রোজা রেখে, হাজ্ব করে এবং যাকাত দিয়ে আল্লাহভীরু পরহেজগার মুসলমান হিসেবেও গণ্য হয়!

এমনকি আমরা দেখি– সবচেয়ে অভিজাত রাজপরিবারটিও আমেরিকার স্বার্থরক্ষায় সদা ব্যস্ত থাকে; অথচ নিজদেরকে তারা তাওহীদের রক্ষক বলে দাবি করে। আমরা দেখি– সেসব কুফরের নেতাকে, যারা ধর্মনিরপেক্ষ সংবিধান পালন করতে বাধ্য করে, মানবরচিত আইন দ্বারা দেশ পরিচালনা করে এবং পরস্পর প্রতিযোগিতায় লিপ্ত– ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিককরণে; অথচ তারাই আবার হিজাব নিষিদ্ধ করা বিশ্ববিদ্যালয়গুলোর ছাত্র-ছাত্রীদের মাঝে হিফজুল কুরআন প্রতিযোগিতার আয়োজন করে। আমরা দেখি– সেসব জল্লাদ শাসককে, যারা মুসলমানদেরকে কঠিন থেকে কঠিনতর শাস্তি প্রদান করে; অথচ তারাই আবার মহাআড়ম্বরে হাজ্ব-উমরাও পালন করে। আমরা দেখি– আফগানিস্তানের একদল ডাকাতকে, যারা আমেরিকা থেকে বেতন গ্রহণ করে, আর আমেরিকা তাদেরকে মুজাহিদদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য সামনের সারিতে ঠেলে দেয়। তারপর

তারা তাদের কথিত সেই শহীদ ভাইদের কাপড়-চোপড় ও তাঁদের কবরের মাটি থেকে বরকত হাসিল করে!

যেমন তাতারদের ব্যাপারে শায়খুল ইসলাম আল্লামা ইবনে তাইমিয়া রহ. বলেছেন, এমনকি মানুষ তাদেরকে ভূমিদখল এবং সম্পদলুট করতে দেখে। তারা কোনো মানুষকে বশে এনে তার কাছ থেকে ফায়দা লুটে নেয়, তার সব কাপড়-চোপড় ছিনিয়ে নেয় এবং তার স্ত্রীকে গালিগালাজ করে (সম্মান হরণ করে)। তাকে এমন সব শাস্তি প্রদান করে, যা একমাত্র নিকৃষ্টতর জালিম এবং পাপাচারী ব্যক্তিদের দ্বারাই সম্ভব। সেই (জুলুমবাজিকে) তারা আবার শরীয়াহ কর্তৃক বৈধতাও দেয়, যেন দ্বীনের বিরোধিতার কারণেই তারা শাস্তি প্রদান করে থাকে। দ্বীনের দোহাই দিয়ে তাদেরকে আবার বিরোধীদের বশে আনার চেষ্টা করতে দেখা যায়। তারা দাবি করে, তারাই দ্বীনের সবচেয়ে অনুগত। এমন পরিস্থিতিতে তাদের ব্যাপারে কী আর বলার থাকে?[১]

এতে আশ্চর্যের কিছুই নেই। এটাই তো বাতিলের সেই ফেনাতুল্য অস্ত্র, যার মাধ্যমে তারা সর্বশক্তি এক করে আমাদের বুকের ওপর অধোমুখী ফাসাদ নিরন্তর চালু রাখতে চায় এবং উম্মাহর পবিত্র ভূমির ওপর প্রতিনিয়ত দখলদারিত্ব অব্যাহত রাখতে চায়। বিশেষত, পবিত্রতম তিনটি ভূখণ্ড– মক্কা, মদীনা ও বাইতুল মুকাদ্দাস এর ওপর।

প্রত্যেক চিন্তাশীল ও বিবেকবান মানুষের কাছে এটিই তাদের দাওয়াতের সার কথা। শরীয়াহ বহির্ভূত বিশৃঙ্খল আইন-কানুন দেশে অব্যাহত রাখা এবং নব্য ক্রুসেডারদের জন্য আমাদের ভূমিগুলো উন্মুক্ত করে দেওয়াই তাদের বক্তৃতা-ভাষণ ও প্রকাশিত-সম্প্রচারিত প্রতিটি শব্দের অভিষ্ট লক্ষ্য।

এরাই সেই সম্প্রদায়– কুরআনে কারীম যাদের পূর্বপুরুষদেরকে অপদস্থ করেছে এবং তাদের মুখোশ উন্মোচন করে বর্ণনা করে দিয়েছে যে, মুসলমানদের মাঝে এরাই ফেতনা অন্বেষণ করে। এরাই ফেতনাকে দ্রুততম সময়ে লুফে নেয়। এরাই পার্থিব হীনস্বার্থ আর ব্যক্তিগত ফায়দার জন্য কাফেরদের সাথে বন্ধুত্ব করতে প্রতিযোগিতায় লিপ্ত হয়।

---

১ আল-ফাতাওয়া আল-কুবরা, মাসআলা: ৮১৩, ৪/৩৩২ এবং তৎপরবর্তী

আল্লাহ তাআলা বলেন–

﴿وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً وَلَكِن كَرِهَ اللَّهُ انبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُوا مَعَ الْقَاعِدِينَ-لَوْ خَرَجُوا فِيكُم مَّا زَادُوكُمْ إِلَّا خَبَالًا وَلَأَوْضَعُوا خِلَالَكُمْ يَبْغُونَكُمُ الْفِتْنَةَ وَفِيكُمْ سَمَّاعُونَ لَهُمْ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ﴾

"আর যদি তারা বের হতে চাইত, তবে অবশ্যই কিছু সরঞ্জাম প্রস্তুত করত। কিন্তু তাদের উত্থান আল্লাহর পছন্দ নয়, তাই তিনি তাদের নিবৃত্ত রাখলেন এবং তাদেরকে বলা হলো, বসে থাকা লোকদের সাথে তোমরা বসে থাক। যদি তোমাদের সাথে তারা বের হত; তবে তোমাদের অনিষ্ট ছাড়া আর কিছু বৃদ্ধি করত না, আর অশ্ব ছুটাত তোমাদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে। আর তোমাদের মাঝে রয়েছে তাদেরকে মান্যকারী। বস্তুত আল্লাহ জালিমদের ভালভাবেই জানেন।"[২]

﴿وَإِذْ يَقُولُ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ مَّا وَعَدَنَا اللَّهُ وَرَسُولُهُ إِلَّا غُرُورًا۝ وَإِذْ قَالَت طَّائِفَةٌ مِّنْهُمْ يَا أَهْلَ يَثْرِبَ لَا مُقَامَ لَكُمْ فَارْجِعُوا ۚ وَيَسْتَأْذِنُ فَرِيقٌ مِّنْهُمُ النَّبِيَّ يَقُولُونَ إِنَّ بُيُوتَنَا عَوْرَةٌ وَمَا هِيَ بِعَوْرَةٍ ۖ إِن يُرِيدُونَ إِلَّا فِرَارًا۝ وَلَوْ دُخِلَتْ عَلَيْهِم مِّنْ أَقْطَارِهَا ثُمَّ سُئِلُوا الْفِتْنَةَ لَآتَوْهَا وَمَا تَلَبَّثُوا بِهَا إِلَّا يَسِيرًا﴾

"এবং যখন মুনাফিক ও যাদের অন্তরে রোগ ছিল তারা বলছিল, আমাদেরকে প্রদত্ত আল্লাহ ও রাসূলের প্রতিশ্রুতি প্রতারণা বৈ কিছুই নয়। এবং যখন তাদের একদল বলেছিল, হে ইয়াসরিববাসী! এটা তোমাদের টিকবার মতো জায়গা নয়, তোমরা ফিরে চল। তাদেরই একদল নবীর কাছে অনুমতি প্রার্থনা করে বলেছিল, আমাদের বাড়ি-ঘরগুলো খালি; অথচ সেগুলো খালি ছিল না। মূলত পলায়ন করাই ছিল তাদের উদ্দেশ্য। যদি শত্রুপক্ষ চারদিক থেকে নগরে প্রবেশ করে তাদের সাথে মিলিত হয়ে বিদ্রোহ করতে প্ররোচিত করত; তবে তারা অবশ্যই বিদ্রোহ করত এবং তারা মোটেই বিলম্ব করত না।"[৩]

---

২ সূরা তাওবা: ৪৬-৪৭
৩ সূরা আহযাব: ১২-১৪

অতএব আমরা মনে করি, তাওহীদ ও ইসলামী আকীদার জন্য মারাত্মক হুমকি এবং এ যুগের সবচেয়ে বড় ফেতনা হলো, আল-ওয়ালা ওয়াল-বারার আকীদা থেকে সরে যাওয়া। অর্থাৎ, মুমিনদেরকে বন্ধুরূপে গ্রহণ এবং কাফেরদের প্রতি শত্রুতা পোষণ করার নীতি থেকে সরে যাওয়ার ফেতনা। তাই মুসলিম উম্মাহর প্রতি ইয়াহুদী যায়নবাদী ও মার্কিন ক্রুসেড আক্রমণের মোকাবেলায়, আল্লাহর ইচ্ছায় যে সাহায্যপ্রাপ্ত জিহাদ ও বরকতময় প্রতিরোধ আন্দোলন চলছে, সে ব্যাপারে মুসলিম উম্মাহকে সতর্ক করে এ কয়েক পৃষ্ঠা লেখার মনস্থ করেছিআর বিষয়টিকে আমরা দু'টি অনুচ্ছেদ ও একটি উপসংহারে বিন্যস্ত করেছি।

প্রথম অনুচ্ছেদঃ ইসলামে আল-ওয়ালা ওয়াল-বারার রোকনসমূহ।

দ্বিতীয় অনুচ্ছেদঃ আল-ওয়ালা ওয়াল-বারার আকীদা থেকে সরে যাওয়ার ধরনসমূহ।

উপসংহারঃ যেসব বিষয়ে আমরা গুরুত্বারোপ করতে চাই।

এ আলোচনায় যা কিছু কল্যাণকর, তা একমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা'র তাওফীকেই হয়েছে। আর যা কিছু এর বিপরীত, তা আমাদের ও শয়তানের পক্ষ থেকে হয়েছে।

﴿وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللَّهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ﴾

আবু মুহাম্মাদ আইমান
শাওয়াল ১৪২৩

সূচিপত্র

প্রথম অনুচ্ছেদ

দ্বিতীয় অনুচ্ছেদ

প্রথম অনুচ্ছেদ

ইসলামে আল-ওয়ালা ওয়াল-বারার রোকনসমূহ:

০১. কাফেরদের বন্ধুত্ব গ্রহণে নিষেধাজ্ঞা

আল্লাহ তাআলা ইরশাদ করেন–

﴿ لَا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ إِلَّا أَن تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ وَإِلَى اللَّهِ الْمَصِيرُ ﴾

"মুমিনগণ যেন মুমিনদেরকে ছেড়ে কোনো কাফেরকে বন্ধুরূপে গ্রহণ না করে। যারা এরূপ করবে, আল্লাহর সাথে তাদের কোনো সম্পর্ক থাকবে না। তবে যদি তোমরা তাদের পক্ষ থেকে কোনো অনিষ্টতার আশঙ্কা কর; তাহলে তাদের সাথে সাবধানতার সাথে থাকবে। আল্লাহ তাআলা তোমাদেরকে তাঁর (শাস্তি) সম্পর্কে সতর্ক করছেন। এবং সবাইকে তাঁর কাছে ফিরে যেতে হবে।"[৪]

ইমাম তবারী রহ. উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন–

ومعنى ذلك لا تتخذوا أيها المؤمنون الكفار ظهراً وأنصاراً، توالونهم على دينهم، وتظاهرونهم على المسلمين من دون المؤمنين، وتدلونهم على عوراتهم، فإنه من يفعل ذلك فليس من الله في شيء، يعني بذلك فقد برىء من الله وبرىء الله منه بارتداده عن دينه ودخوله في الكفر

"এর অর্থ হচ্ছে, হে মুমিনগণ! তোমরা কাফেরদেরকে সাহায্য ও সহায়তাকারীরূপে গ্রহণ করো না; এভাবে যে তোমরা মুমিনদের ব্যতিরেকে তাদেরকে তাদের দ্বীনের ক্ষেত্রে ভালোবাসবে, মুসলমানদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করবে, মুমিনদের দুর্বলতা তাদের নিকট প্রকাশ করবে। কেননা যে এ

৪ সূরা আলে ইমরান: ২৮

ধরনের কাজ করবে সে আল্লাহর জিম্মা থেকে মুক্ত। অর্থাৎ, উপরোক্ত কর্মের কারণে তার সাথে আল্লাহ তাআলা'র এবং আল্লাহ তাআলা'র সাথে তার সম্পর্ক ছিন্ন হয়ে যাবে। কেননা সে দ্বীন থেকে রিদ্দাহ করেছে (মুরতাদ হয়ে গেছে) এবং কুফরে প্রবেশ করেছে।"[৫]

আল্লাহ তাআলা বলেন-

﴿بَشِّرِ الْمُنَافِقِينَ بِأَنَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا - الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ أَيَبْتَغُونَ عِندَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا﴾

"মুনাফিকদেরকে সুসংবাদ শুনিয়ে দিন যে, তাদের জন্য নির্ধারিত রয়েছে মর্মন্তুদ শাস্তি। যারা মুমিনদের পরিবর্তে কাফেরদেরকে নিজেদের বন্ধু বানিয়ে নেয়। তারা কি তাদেরই কাছে সম্মান প্রত্যাশা করে? অথচ যাবতীয় সম্মানই তো আল্লাহর।"[৬]

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ أَتُرِيدُونَ أَن تَجْعَلُوا لِلَّهِ عَلَيْكُمْ سُلْطَانًا مُّبِينًا﴾

"হে ঈমানদারগণ! তোমরা মুসলমানদের বাদ দিয়ে কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তোমরা কি এমনটি করে আল্লাহর কাছে নিজেদের বিরুদ্ধে প্রকাশ্য দলীল কায়েম করতে চাও?"[৭]

ইমাম তবারী রহ. উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন-

يقول لهم جل ثناؤه يا أيها الذين آمنوا بالله ورسوله لا توالوا الكفار فتوازروهم من دون أهل ملتكم ودينكم من المؤمنين فتكونوا كمن أوجب له النار من المنافقين

'আল্লাহ তাআলা তাদেরকে বলেন, ওহে আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনয়নকারী লোকসকল! কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তোমাদের স্বজাতি ও দ্বীনি ভাই মুমিনদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করো না। যদি

৫ তাফসীরে তবারী: ৩/২৭৭
৬ সূরা নিসা: ১৩৮-১৩৯
৭ সূরা নিসা: ১৪৪

কর, তবে মুনাফিকদের মতো তোমাদের জন্যও জাহান্নাম অবধারিত হবে।[৭৮]

আল্লাহ তাআলা বলেন–

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ ۘ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ۞ فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَن تُصِيبَنَا دَائِرَةٌ ۚ فَعَسَى اللَّهُ أَن يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِّنْ عِندِهِ فَيُصْبِحُوا عَلَىٰ مَا أَسَرُّوا فِي أَنفُسِهِمْ نَادِمِينَ۞ وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَٰؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ ۙ إِنَّهُمْ لَمَعَكُمْ ۚ حَبِطَتْ أَعْمَالُهُمْ فَأَصْبَحُوا خَاسِرِينَ۞ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ۚ ذَٰلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَن يَشَاءُ ۚ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ۞ إِنَّمَا وَلِيُّكُمُ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ رَاكِعُونَ۞ وَمَن يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ– يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الَّذِينَ اتَّخَذُوا دِينَكُمْ هُزُوًا وَلَعِبًا مِّنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلِكُمْ وَالْكُفَّارَ أَوْلِيَاءَ ۚ وَاتَّقُوا اللَّهَ إِن كُنتُم مُّؤْمِنِينَ۞ وَإِذَا نَادَيْتُمْ إِلَى الصَّلَاةِ اتَّخَذُوهَا هُزُوًا وَلَعِبًا ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْقِلُونَ﴾

"হে মুমিনগণ! তোমরা ইয়াহুদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করবে; সে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালিমদেরকে পথপ্রদর্শন করেন না। বস্তুত যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলে, আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোনো দুর্ঘটনায় পতিত হই। অতএব, সেদিন দূরে নয়, যেদিন আল্লাহ তাআলা বিজয় দান করবেন অথবা নিজের পক্ষ থেকে কোনো নির্দেশ দেবেন; ফলে তারা স্বীয় গোপন মনোভাবের জন্য অনুতপ্ত হবে। মুমিনগণ বলবে, এরাই কি সেসব লোক; যারা আল্লাহর নামে দৃঢ় প্রতিজ্ঞা করত যে, আমরা তোমাদের সাথেই আছি? তাদের কৃতকর্মসমূহ নষ্ট হয়ে গেছে; ফলে

৮ তাফসীরে তবারী: ৫/৩৩৭

তারা ক্ষতিগ্রস্ত হয়ে আছে। হে মুমিনগণ! তোমাদের মধ্যে যে স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, অচিরেই আল্লাহ এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যাঁদেরকে তিনি ভালোবাসবেন এবং তাঁরা তাঁকে ভালোবাসবে। তাঁরা মুমিনদের প্রতি কোমল এবং কাফেরদের প্রতি হবে কঠোর। তাঁরা আল্লাহর পথে জিহাদ করবে এবং কোনো তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবে না। এটি আল্লাহর অনুগ্রহ, তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ প্রাচুর্য দানকারী, মহাজ্ঞানী। তোমাদের বন্ধু তো আল্লাহ, তাঁর রাসূল এবং মুমিনগণ; যাঁরা নামাজ কায়েম করে, যাকাত দেয় এবং বিনম্র হয়। আর যাঁরা আল্লাহ তাঁর রাসূল এবং বিশ্বাসীদেরকে বন্ধুরূপে গ্রহণ করে, তাঁরাই আল্লাহর দল এবং তাঁরাই বিজয়ী। হে মুমিনগণ! আহলে কিতাবদের মধ্য থেকে যারা তোমাদের ধর্মকে উপহাস ও তামাশার বস্তু বানায়, তাদেরকে এবং অন্যান্য কাফেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। আল্লাহকে ভয় কর, যদি তোমরা ঈমানদার হও। আর যখন তোমরা নামাজের জন্য আহবান কর, তখন তারা একে উপহাস ও তামাশার বস্তু বানায়। কারণ, তারা নির্বোধ।"[৯]

ইমাম তবারী রহ. বলেন, 'আল্লাহ তাআলা'র বাণী: وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ [আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত] অর্থাৎ,

ومن يتول اليهود والنصارى دون المؤمنين {فإنه منهم}، يقول: فإن من تولاهم ونصرهم على المؤمنين فهو من أهل دينهم وملتهم، فإنه لا يتولى متول أحداً إلا وهو به وبدينه وما هو عليه راض، وإذا رضيه ورضي دينه فقد عادى ما خالفه وسخطه وصار حكمه حكمه

"যে মুসলমানদের ব্যতিরেকে ইয়াহুদী-খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে, মুমিনদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করবে, সে তাদের দ্বীন ও মিল্লাতের অন্তর্ভুক্ত হবে। কারণ, কেউ কাউকে ততক্ষণ পর্যন্ত বন্ধুরূপে গ্রহণ করতে পারে না; যতক্ষণ না সে উক্ত ব্যক্তির দ্বীন ও অবস্থার ওপর সন্তুষ্ট হয়। যখন সে তার ওপর ও তার দ্বীনের ওপর সন্তুষ্ট হবে, তখন তার বিপরীত সবকিছুর ব্যাপারে বিরোধিতা ও অসন্তুষ্টি প্রকাশ করবে। এবং দু'জনের হুকুম একই হবে।"[১০]

---

৯ সূরা মায়েদা: ৫১-৫৮
১০ তাফসীরে তবারী: ৬/২৭৭

ইবনে উমর রাযি. থেকে হাদীস শরীফে বর্ণিত হয়েছে–

إِذَا أَنْزَلَ اللهُ بِقَوْمٍ عَذَابًا أَصَابَ الْعَذَابُ مَنْ كَانَ فِيهِمْ ثُمَّ بُعِثُوا عَلَى أَعْمَالِهِمْ

"আল্লাহ তাআলা যখন কোনো জাতির ওপর আযাব অবতীর্ণ করেন, তাদের মধ্যে যারাই আছে সবাইকে সেই আযাব গ্রাস করে। অতঃপর তাদের আমলের ওপরই তাদেরকে পুনরুত্থিত করা হবে।"[১১]

ইবনে হাজার আসকালানী রহ. বলেন–

ويستفاد من هذا مشروعية الهرب من الكفار ومن الظلمة لأن الإقامة معهم من إلقاء النفس إلى التهلكة، هذا إن لم يعنهم ولم يرض بأفعالهم، فإن أعان أو رضي فهو منهم

"এ হাদীস থেকে বুঝা যায়, কাফের ও জালিমেদের কাছ থেকে পালানো বৈধ। কারণ, তাদের সাথে বসবাস করা মানে নিজেকে ধ্বংসের মাঝে নিক্ষেপ করা। যদি তাদেরকে সাহায্য না করা হয় এবং তাদের কর্মকাণ্ডে সন্তুষ্ট না হয়, তখন এ কথা প্রযোজ্য হবে। যদি তাদেরকে সাহায্য করা হয় অথবা তাদের প্রতি সন্তুষ্টি পাওয়া যায়; তবে সে তাদেরই একজন (বলে গণ্য হবে)।"[১২]

তাই তো আল্লাহ তাআলা তাদের জন্য চিরস্থায়ী জাহান্নাম অবধারিত করে রেখেছেন। আল্লাহ তাআলা বলেন–

﴿تَرَىٰ كَثِيرًا مِّنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِينَ كَفَرُوا ۚ لَبِئْسَ مَا قَدَّمَتْ لَهُمْ أَنفُسُهُمْ أَن سَخِطَ اللَّهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خَالِدُونَ ۞ وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالنَّبِيِّ وَمَا أُنزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ وَلَٰكِنَّ كَثِيرًا مِّنْهُمْ فَاسِقُونَ﴾

"আপনি তাদের অনেককে কাফেরদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন। কতই না নিকৃষ্ট তাদের কৃতকর্ম; যে কারণে তাদের প্রতি আল্লাহ ক্রোধান্বিত হয়েছেন এবং তারা চিরকাল শাস্তি পেতে থাকবে। যদি তারা আল্লাহর প্রতি ও নবীর প্রতি এবং তাঁর ওপর অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত;

১১ বুখারী: ৭১০৮
১২ ফাতহুল বারী: ৩১/৬১

তবে কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই পাপাচারী।"[১৩]

আল্লাহ তাআলা আরও বলেন–

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا آبَاءَكُمْ وَإِخْوَانَكُمْ أَوْلِيَاءَ إِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَى الْإِيمَانِ ۚ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ۞ قُلْ إِن كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُم مِّنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّىٰ يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ﴾

"হে ঈমানদারগণ! তোমাদের পিতা ও ভাই যদি ঈমান অপেক্ষা কুফরকে ভালোবাসে; তবে তাদেরকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না। আর তোমাদের যারা তাদের অন্তরঙ্গরূপে গ্রহণ করে, তারা সীমালঙ্ঘনকারী। বলুন, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের পত্নী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন-সম্পদ, তোমাদের ব্যবসা– যা বন্ধ হয়ে যাওয়ার ভয় কর এবং তোমাদের বাসস্থান– যাকে তোমরা পছন্দ কর; যদি এসব তোমাদের নিকট আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়; তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত। আর আল্লাহ ফাসিক সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।"[১৪]

ইবনে কাসীর রহ বলেন, ইমাম বায়হাকী রহ. আব্দুল্লাহ ইবনে শাওযাব রাযি. এর রেওয়ায়াতে বর্ণনা করেন, আবু উবায়দা ইবনুল জাররাহ রাযি. এর পিতা বদর যুদ্ধের দিন প্রতিমাসমূহের গুণকীর্তন করতে লাগল। আবু উবায়দা রাযি. বারবার সেদিক থেকে মুখ ফিরিয়ে নিতে লাগলেন। যখন পিতা জাররাহ মাত্রাতিরিক্ত করে ফেলল, তখন সন্তান আবু উবায়দা পিতাকে লক্ষ্যস্থল বানালেন এবং হত্যা করলেন। তখন আল্লাহ তাআলা এ সকল আয়াত অবতীর্ণ করেন।

সহীহ হাদীসে নবী করীম ﷺ থেকে বর্ণিত আছে–

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّىٰ أَكُونَ أَحَبَّ إِلَيْهِ مِنْ وَالِدِهِ وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعِينَ

১৩ সূরা মায়েদা: ৮০-৮১
১৪ সূরা তাওবা: ২৩-২৪

"তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত ঈমানদার হবে না, যতক্ষণ পর্যন্ত আমি তার কাছে তার পিতা, তার সন্তান এবং সমস্ত মানুষ থেকে অধিক প্রিয় না হব।"[১৫]

ক. বন্ধুত্ব ও সাবধানতা অবলম্বনের (তুকিয়া) মাঝে পার্থক্য

কাফেরদের সাথে শরীয়াহ কর্তৃক নিষিদ্ধ বন্ধুত্ব করা এবং তাদের অনিষ্ট থেকে বাঁচা– এ দুয়ের মধ্যকার পার্থক্য ইসলাম সুনির্দিষ্ট করে দিয়েছে। আল্লাহ তাআলা বলেন–

﴿لَا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ إِلَّا أَن تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ وَإِلَى اللَّهِ الْمَصِيرُ﴾

"মুমিনগণ যেন মুমিনদেরকে ছেড়ে কোনো কাফেরকে বন্ধুরূপে গ্রহণ না করে। যারা এরূপ করবে আল্লাহর সাথে তাদের কোনো সম্পর্ক থাকবে না। তবে যদি তোমরা তাদের পক্ষ থেকে কোনো অনিষ্টতার আশঙ্কা কর; তাহলে তাদের সাথে সাবধানতার সাথে থাকবে। আল্লাহ তাআলা তোমাদেরকে তাঁর (শাস্তি) সম্পর্কে সতর্ক করছেন। এবং সবাইকে তাঁর কাছে ফিরে যেতে হবে।"[১৬]

ইবনে কাসীর রহ বলেন, আল্লাহ তাআলা'র বাণী إِلَّا أَن تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً [তবে যদি তোমরা তাদের পক্ষ থেকে কোনো অনিষ্টতার আশঙ্কা কর] তথা কোনো ব্যক্তি কোনো জনপদে কোনো সময় তাদেরকে ভয় করলে তার জন্য বাহ্যিকভাবে তাদের সাথে তোষামোদ/তুকিয়া করার অনুমতি আছে। তবে এ তোষামোদ অভ্যন্তরীণ ও আন্তরিকভাবে না হতে হবে। যেমন ইমাম বুখারী রহ বলেন, আবু দারদা রহ. থেকে বর্ণিত, তিনি বলেন–إِنَّا لَنَكْشِرُ فِي وُجُوهِ أَقْوَامٍ وَقُلُوبُنَا تَلْعَنُهُمْ "নিশ্চয় আমরা অনেক জাতিকে মুখের হাসি উপহার দিলেও আমাদের অন্তর তাদেরকে অভিশাপ দেয়।"

সুফইয়ান সাওরী রহ. ইবনে আব্বাস রাযি. এর সূত্রে বর্ণনা করেন–»ليس التقية بالعمل إنما التقية باللسان« "তোষামোদ মুখেই হয়, কাজেকর্মে নয়।"[১৭]

১৫ বুখারী: কিতাবুল ঈমান
১৬ সূরা আলে ইমরান: ২৮
১৭ তাফসীরে ইবনে কাসীর: ১/৫৮

কাশর (الكَشْر) শব্দের অর্থ দাঁত কেলিয়ে মুচকি হাসা।[১৮]

ইমাম ইবনে কাসীর রহ. তাঁর তাফসীর গ্রন্থে বলেন, আল্লাহ তাআলা ইরশাদ করেন–

﴿وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِّلَّذِينَ آمَنُوا امْرَأَتَ فِرْعَوْنَ إِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِي عِندَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِي مِن فِرْعَوْنَ وَعَمَلِهِ وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ﴾

"আল্লাহ তাআলা মুমিনদের জন্য ফেরাউন-পত্নীর দৃষ্টান্ত বর্ণনা করেছেন। যিনি প্রার্থনা করেছেন, হে আমার পালনকর্তা! আপনার সন্নিকটে জান্নাতে আমার জন্য একটি গৃহ নির্মাণ করুন। আমাকে ফেরাউন ও তার দুষ্কর্ম থেকে উদ্ধার করুন এবং আমাকে জালিম সম্প্রদায় থেকে মুক্তি দিন।"[১৯]

মুমিনদের জন্য আল্লাহ একটি দৃষ্টান্ত পেশ করে বুঝাতে চান যে, যদি মুমিনগণ কাফেরদের প্রতি মুখাপেক্ষী থাকে; তবে তাদের সাথে মিশে থাকাতে কোনো সমস্যা নেই। যেমন আল্লাহ তাআলা অন্য আয়াতে বলেন–

﴿لَا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ إِلَّا أَن تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً﴾

"মুমিনগণ যেন মুমিনদেরকে ছেড়ে কোনো কাফেরকে বন্ধুরূপে গ্রহণ না করে। যারা এরূপ করবে আল্লাহর সাথে তাদের কোনো সম্পর্ক থাকবে না। তবে যদি তোমরা তাদের পক্ষ থেকে কোনো অনিষ্টের আশঙ্কা কর; তাহলে তাদের সাথে সাবধানতার সাথে থাকবে[২০]।[২১]

ইমাম কুরতুবী রহ বলেন–

قال معاذ بن جبل ومجاهد: «كانت التقية في جدة الإسلام قبل قوة المسلمين، فأما اليوم فقد أعز الله الإسلام أن يتقوا من عدوهم»

১৮ লিসানুল আরব: ৫/১৪২
১৯ সূরা তাহরীম: ১১
২০ সূরা আলে ইমরান: ২৮
২১ তাফসীরে ইবনে কাসীর: ৪/৩৯৪

মুআজ ইবনে জাবাল রাযি. ও মুজাহিদ রহ. বলেন, "ইসলামের প্রথম যুগে মুসলমানদের শক্তি অর্জনের পূর্বে এই তোষামোদ নীতি ছিল। আর এখন তো আল্লাহ তাআলা ইসলামকে দুশমন থেকে সুরক্ষা পাওয়ার শক্তি দান করে সম্মানিত করেছেন।"

ইবনে আব্বাস রাযি. বলেন–

«هو أن يتكلم بلسانه وقلبه مطمئن بالإيمان ولا يقتل ولا يأتي مأثماً»

"তুকিয়া হলো মৌখিক সম্পর্ক রাখা; তবে তার অন্তর ঈমান-বিশ্বাসে প্রশান্ত থাকতে হবে, সে (তাদের জন্য কোনো মুসলিমকে) হত্যা করবে না, কোনো অপরাধও করবে না।"

ইমাম হাসান রহ. বলেন, মানুষের জন্য তুকিয়া বা তোষামোদ নীতি কিয়ামত অবধি চালু থাকবে। তবে (কোনো মুসলিমকে) হত্যা তোষামোদ নীতির অন্তর্ভুক্ত নয়।

এবং বলা হয়, মুমিন যখন কাফেরদের মাঝে অবস্থান করে এবং নিজের জানের ব্যাপারে আশঙ্কা করে, তখন কাফেরদের সাথে মৌখিক তোষামোদ বৈধ; তবে অন্তর ঈমানের ওপর প্রশান্ত থাকতে হবে। আর তোষামোদ একমাত্র তখনই বৈধ হবে, যখন হত্যা, অঙ্গহানি বা কঠিন শাস্তির আশঙ্কা করবে। আর যে ব্যক্তিকে কুফরী করতে বাধ্য করা হবে, তখন করণীয় হবে– সে এ ক্ষেত্রে কঠোর হবে এবং কিছুতেই কুফরী বাক্য উচ্চারণ করার প্রতি সাড়া দেবে না; তবে তা করা তার জন্য জায়েয আছে।[২২]

ইমাম তবারী রহ. এর ব্যাখ্যায় বলেন, [إلا أن تتقوا منهم تقاة] তবে তোমরা যদি তাদের অধীনে থাক এবং তোমাদের প্রাণনাশের আশঙ্কা কর, তখন তোমরা মৌখিকভাবে তাদের সাথে বন্ধুত্ব প্রকাশ করবে এবং অন্তরে শত্রুতা পোষণ করবে। لا تشايعوهم على ما هم عليه من الكفر، ولا تعينوهم على مسلم بفعل "তারা যে কুফরের ওপর অবস্থান করছে, তাকে সমর্থন করবে না। কোনোভাবেই মুসলমানদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করবে না।"[২৩]

২২ তাফসীরে কুরতুবী: ৪/৫৭
২৩ তাফসীরে তবারী: ৩/২৭৭

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর মতও এটাকে শক্তিশালী করে। তাতারদের আমলে যেসব মুসলমানকে তাতারদের সেনাবাহিনীতে যোগ দিয়ে তাদের সাথে যুদ্ধে বের হওয়ার জন্য জোরজবরদস্তি করা হয়েছিল, তাদের ব্যাপারে তিনি বলেন, "এবং জিহাদ যখন ওয়াজিব, আল্লাহর ইচ্ছায় যুদ্ধে অনেক মুসলমানই শহীদ হয়। জিহাদের প্রয়োজনে কাফেরদের মাঝে অবস্থানকারী কোনো মুসলমান যদি মারা পড়ে, তা বড় কোনো ব্যাপার নয়।"

বরং এরকম বাধ্য মুসলমানকে ফেতনার যুদ্ধে নবী ﷺ তলোয়ার ভেঙে ফেলার নির্দেশ দিয়েছেন। আর তাকে হত্যা করা হলেও তার জন্য এমতবস্থায় যুদ্ধ করা জায়েয হবে না।

যেমনটি সহীহ মুসলিমের হাদীসে আবু বাকরাহ রাযি. থেকে বর্ণিত, রাসূল ﷺ বলেন–

إِنَّهَا سَتَكُونُ فِتَنٌ أَلَا ثُمَّ تَكُونُ فِتْنَةٌ الْقَاعِدُ فِيهَا خَيْرٌ مِنْ الْمَاشِي فِيهَا وَالْمَاشِي فِيهَا خَيْرٌ مِنْ السَّاعِي إِلَيْهَا أَلَا فَإِذَا نَزَلَتْ أَوْ وَقَعَتْ فَمَنْ كَانَ لَهُ إِبِلٌ فَلْيَلْحَقْ بِإِبِلِهِ وَمَنْ كَانَتْ لَهُ غَنَمٌ فَلْيَلْحَقْ بِغَنَمِهِ وَمَنْ كَانَتْ لَهُ أَرْضٌ فَلْيَلْحَقْ بِأَرْضِهِ قَالَ فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ مَنْ لَمْ يَكُنْ لَهُ إِبِلٌ وَلَا غَنَمٌ وَلَا أَرْضٌ قَالَ يَعْمِدُ إِلَى سَيْفِهِ فَيَدُقُّ عَلَى حَدِّهِ بِحَجَرٍ ثُمَّ لِيَنْجُ إِنْ اسْتَطَاعَ النَّجَاءَ اللَّهُمَّ هَلْ بَلَّغْتُ اللَّهُمَّ هَلْ بَلَّغْتُ اللَّهُمَّ هَلْ بَلَّغْتُ قَالَ فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ إِنْ أُكْرِهْتُ حَتَّى يُنْطَلَقَ بِي إِلَى أَحَدِ الصَّفَّيْنِ أَوْ إِحْدَى الْفِئَتَيْنِ فَضَرَبَنِي رَجُلٌ بِسَيْفِهِ أَوْ يَجِيءُ سَهْمٌ فَيَقْتُلُنِي قَالَ يَبُوءُ بِإِثْمِهِ وَإِثْمِكَ وَيَكُونُ مِنْ أَصْحَابِ النَّارِ

"অদূর ভবিষ্যতে অনেক ফেতনা হবে। জেনে রেখ, এরপরও অনেক ফেতনা হতেই থাকবে। তখন পথচারীর চেয়ে বসা ব্যক্তিই উত্তম হবে। দৌড়ানো ব্যক্তির চেয়ে পথচারীই উত্তম হবে। যখন সেই ফেতনা এসে পড়বে বা সংঘটিত হবে, তখন যার উট আছে; সে যেন উট নিয়ে ব্যস্ত থাকে। যার ছাগল আছে; সে যেন তার ছাগল নিয়ে ব্যস্ত থাকে। যার জায়গা-জমি আছে, সে যেন তা নিয়ে ব্যস্ত থাকে। রাবী বলেন, তখন জনৈক ব্যক্তি জিজ্ঞেস করল, ইয়া রাসূলাল্লাহ! যার উট, ছাগল কিংবা জমি নেই, সে কী করবে? তিনি বললেন, সে তার তলোয়ারটা নিয়ে ধারালো দিকটা পাথরে আঘাত

করবে এবং ফেতনাকে এড়িয়ে যেতে পারলে এড়িয়ে যাবে। আল্লাহ! আমি কি পৌঁছিয়েছি? আল্লাহ! আমি কি পৌঁছিয়েছি? আল্লাহ! আমি কি পৌঁছিয়েছি?

তখন এক ব্যক্তি জিজ্ঞেস করল, ইয়া রাসূলাল্লাহ! যদি আমাকে বাধ্য করে দু'সারি বা দু'দলের কোনো একটির সাথে নিয়ে যায়। অতঃপর সেখানে তলোয়ার বা তীর নিক্ষেপ করে আমাকে কেউ আঘাত করে এবং আমি নিহত হই, এ ব্যাপারে আপনার অভিমত কী? তিনি বললেন, সে আল্লাহর কাছে তার গোনাহ এবং তোমার গোনাহ দু'টোই নিয়েই প্রত্যাবর্তন করবে এবং জাহান্নামের অধিবাসী হবে।

এ হাদীসে রাসূল ﷺ ফেতনার সময় যুদ্ধ করতে নিষেধ করেছেন; বরং এড়িয়ে যাওয়া বা হাতিয়ার নষ্ট করে যুদ্ধ থেকে বিরত থাকার জন্য অপারগতা প্রদর্শন করতে নির্দেশ দিয়েছেন। এ নির্দেশে বাধ্য করা হয়েছে বা হয়নি এমন উভয় ব্যক্তিরই আলোচনা অন্তর্ভুক্ত হয়েছে। অতঃপর বলা হয়েছে, বাধ্যগত মুসলমান যদি অন্যায়ভাবে নিহত হয়, তখন হত্যাকারীই নিজের গোনাহ এবং তার গোনাহর দায় বহন করবে। যেমনটি আল্লাহ তাআলা আদম আ. এর দুই সন্তানের কাহিনীতে বর্ণনা করেছেন।

উদ্দেশ্য হলো, ফেতনার সময় যদি যুদ্ধ করতে কাউকে বাধ্য করা হয়, তার জন্য যুদ্ধ করা জায়েয হবে না। বরং তার ওপর ওয়াজিব হবে অস্ত্র ভেঙে ফেলা এবং অন্যায়ভাবে নিহত হওয়া পর্যন্ত ধৈর্যধারণ করা। সুতরাং ইসলামী শরীয়াহ থেকে বের হয়ে যাওয়া সেনাবাহিনীর সাথে মিলে মুসলমানদের বিরুদ্ধে বাধ্য হয়ে যুদ্ধ করা কোনো ব্যক্তির জন্য কীভাবে জায়েয হবে?? যেমন, যাকাত অস্বীকারকারী ও মুরতাদ প্রমুখদের সাথে মিলে। অতএব, সন্দেহাতীতভাবে তার জন্য ওয়াজিব হলো, সে ময়দানে উপস্থিত হতে বাধ্য হলেও যেন কিছুতেই যুদ্ধ না করে; যদিও মুসলমানগণ তাকে হত্যা করে। যেমনিভাবে কাফেররা যদি কাউকে ময়দানে নিয়ে গিয়ে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করতে বাধ্য করে। এমনিভাবে যদি কোনো মুসলিমকে বাধ্য করে অপর মুসলিমকে হত্যা করতে, সমস্ত মুসলমানের ঐকমত্যে তার জন্য তাকে হত্যা করা বৈধ হবে না। কারণ, একজন নিষ্পাপ ব্যক্তিকে হত্যা করে নিজেকে বাঁচানো তার জন্য জায়েয নয়।[২৪]

২৪ মাজমূউল ফাতাওয়া: ২৮/৩৩৮-৩৩৯ পৃ.

সার কথা: কোনো মুসলমান যদি এমন পরিস্থিতির মুখোমুখি হয় যে, তাকে হত্যা করা হবে বা অঙ্গহানি করা হবে বা কঠিন শাস্তি দেওয়া হবে; তাহলে কাফেরদের নির্যাতন এড়ানোর জন্য কিছু তোষামোদি বাক্য বলা তার জন্য বৈধ। তবে এমন কোনো কাজ করা তার জন্য বৈধ নয়, যা তাদের সহযোগিতা হয় বা কোনো গোনাহের কাজ হয় অথবা কোনোভাবে কোনো মুসলমানের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করা, কোনো মুসলমানকে হত্যা করা বা তাদের বিপক্ষে যুদ্ধ করা হয়। বরং উত্তম হলো, নির্যাতন সয়ে যাওয়া; যদিও এটা তার হত্যা পর্যন্ত গড়ায়।

০২. কাফেরদের সাথে শত্রুতা পোষণ এবং তাদের বন্ধুত্ব বর্জন

ক. আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতাকারীদের সাথে বন্ধুত্ব করার ব্যাপারে নিষেধাজ্ঞা

আল্লাহ তাআলা বলেন–

﴿لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ أَبْنَاءَهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُولَئِكَ كَتَبَ فِي قُلُوبِهِمُ الْإِيمَانَ وَأَيَّدَهُم بِرُوحٍ مِّنْهُ وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ أُولَئِكَ حِزْبُ اللَّهِ أَلَا إِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْمُفْلِحُونَ﴾

"যাঁরা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাঁদেরকে আপনি আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না, যদিও তারা তাঁদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয়। তাঁদের অন্তরে আল্লাহ ঈমানকে সুদৃঢ় করে দিয়েছেন এবং তাঁদেরকে তাঁর পক্ষ হতে রূহ দ্বারা শক্তিশালী করেছেন। তিনি তাঁদেরকে জান্নাতে দাখিল করাবেন, যার তলদেশে নদী প্রবাহিত। তাঁরা তথায় চিরকাল থাকবে। আল্লাহ তাঁদের প্রতি সন্তুষ্ট এবং তাঁরাও আল্লাহর প্রতি সন্তুষ্ট। তাঁরাই আল্লাহর দল। জেনে রেখ, আল্লাহর দলই সফলকাম হবে।"[২৫]

২৫ সূরা মুজাদালা: ২২

ইবনে কাসীর রহ এ আয়াতের ব্যাখ্যায় বলেন, আল্লাহর বাণী وَلَوْ كَانُوا آبَاءَهُمْ "যদিও তারা তাঁদের পিতা হয়" এ ব্যাপারে বলা হয়, এ আয়াতের এ অংশটি নাযিল হয়েছে সাহাবী আবু উবায়দা রাযি. এর ব্যাপারে, যিনি বদর যুদ্ধে তাঁর পিতাকে হত্যা করেছিলেন। أَوْ أَبْنَاءَهُمْ "অথবা তাঁদের পুত্র হয়" নাযিল হয়েছে আবু বকর সিদ্দীক রাযি. এর ব্যাপারে, যিনি সেদিন তাঁর পুত্র আব্দুর রহমানকে হত্যা করতে মনস্থ করেছিলেন। أَوْ إِخْوَانَهُمْ "অথবা তাঁদের ভ্রাতা হয়" নাযিল হয়েছে মুসআব ইবনে উমাইর রাযি. এর ব্যাপারে, যিনি সেদিন তাঁর ভাই উবাইদ ইবনে উমাইরকে হত্যা করেছিলেন। أَوْ عَشِيرَتَهُمْ "অথবা তাঁদের গোষ্ঠী হয়" নাযিল হয়েছে উমর রাযি. এর ব্যাপারে, যিনি সেদিন তাঁর এক আত্মীয়কে হত্যা করেছিলেন। এবং হামযা, আলী ও উবায়দা ইবনে হারিস রাযি. এর ব্যাপারে, যারা সেদিন উতবা, শায়বা ও ওয়ালীদ ইবনে উতবাকে হত্যা করেছিলেন। আর আল্লাহই সর্বজ্ঞ।

(ইবনে কাসীর রহ. বলেন) আমার মতে, বদর যুদ্ধের বন্দীদের ব্যাপারে রাসূল ﷺ মুসলমানদের সাথে যে পরামর্শ করেছিলেন, সেই পরামর্শও এ আয়াতের অন্তর্ভুক্ত। তখন আবু বকর রাযি. মুক্তিপণ নেওয়ার পরামর্শ দিয়েছিলেন; যেন সম্পদের মাধ্যমে মুসলমানদের শক্তি বৃদ্ধি করা যায়। বন্দীরা ছিল তাঁদের ভাই-বেরাদার ও আত্মীয়স্বজন। হতে পারে আল্লাহ তাআলা তাদেরকে হিদায়াত দিয়ে দেবেন। উমর রাযি. বললেন, "আবু বকর যে মত ব্যক্ত করেছেন, তার সাথে আমি একমত নই। আপনি অমুককে (উমর রাযি. এর আত্মীয়) আমার হাতে উঠিয়ে দিন, আমি তাকে হত্যা করি। আর আলীর হাতে আকীলকে দিন। অমুকের হাতে অমুককে দিন। যাতে আল্লাহ তাআলা জানতে পারেন যে, আমাদের অন্তরে মুশরিকদের জন্য কোনো সহানুভূতি নেই।..." এভাবে পুরো ঘটনা।

ইবনে আব্বাস রাযি. বলেন, আল্লাহ তাঁদেরকে জিবরাঈল এর মাধ্যমে সাহায্য করেছেন। অর্থাৎ তাদেরকে শক্তিশালী করেছেন। আল্লাহর বাণী– رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ "আল্লাহ তাঁদের প্রতি সন্তুষ্ট, তাঁরাও আল্লাহর প্রতি সন্তুষ্ট" এর ব্যাখ্যায় তিনি বলেন, এটির গূঢ় রহস্য হলো, তারা যখন আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে আত্মীয়স্বজনের প্রতি অসন্তুষ্ট হলেন, আল্লাহ তাআলাও তার বিনিময়ে তাঁদের প্রতি সন্তুষ্ট হলেন এবং তাঁদেরকেও সন্তুষ্ট করলেন।[২৬]

২৬ তাফসীরে ইবনে কাসীর: ৪/৩৩০-৩৩১ পৃ.

এবং আল্লাহ তাআলা বলেন–

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ تُلْقُونَ إِلَيْهِم بِالْمَوَدَّةِ
وَقَدْ كَفَرُوا بِمَا جَاءَكُم مِّنَ الْحَقِّ يُخْرِجُونَ الرَّسُولَ وَإِيَّاكُمْ أَن تُؤْمِنُوا بِاللَّهِ رَبِّكُمْ
إِن كُنتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِي سَبِيلِي وَابْتِغَاءَ مَرْضَاتِي تُسِرُّونَ إِلَيْهِم بِالْمَوَدَّةِ
وَأَنَا أَعْلَمُ بِمَا أَخْفَيْتُمْ وَمَا أَعْلَنتُمْ وَمَن يَفْعَلْهُ مِنكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ۞
إِن يَثْقَفُوكُمْ يَكُونُوا لَكُمْ أَعْدَاءً وَيَبْسُطُوا إِلَيْكُمْ أَيْدِيَهُمْ وَأَلْسِنَتَهُم بِالسُّوءِ
وَوَدُّوا لَوْ تَكْفُرُونَ۞ لَن تَنفَعَكُمْ أَرْحَامُكُمْ وَلَا أَوْلَادُكُمْ○يَوْمَ الْقِيَامَةِ يَفْصِلُ
بَيْنَكُمْ ○ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ۞ قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ
وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ كَفَرْنَا
بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّىٰ تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ إِلَّا
قَوْلَ إِبْرَاهِيمَ لِأَبِيهِ لَأَسْتَغْفِرَنَّ لَكَ وَمَا أَمْلِكُ لَكَ مِنَ اللَّهِ مِن شَيْءٍ○رَّبَّنَا
عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا وَإِلَيْكَ الْمَصِيرُ۞ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلَّذِينَ كَفَرُوا
وَاغْفِرْ لَنَا رَبَّنَا○إِنَّكَ أَنتَ الْعَزِيزُ الْحَكِيمُ۞ لَقَدْ كَانَ لَكُمْ فِيهِمْ أُسْوَةٌ حَسَنَةٌ
لِّمَن كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ○وَمَن يَتَوَلَّ فَإِنَّ اللَّهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ۞
عَسَى اللَّهُ أَن يَجْعَلَ بَيْنَكُمْ وَبَيْنَ الَّذِينَ عَادَيْتُم مِّنْهُم مَّوَدَّةً○وَاللَّهُ قَدِيرٌ○وَاللَّهُ
غَفُورٌ رَّحِيمٌ- لَّا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم
مِّن دِيَارِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ○إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ۞ إِنَّمَا
يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ قَاتَلُوكُمْ فِي الدِّينِ وَأَخْرَجُوكُم مِّن دِيَارِكُمْ وَظَاهَرُوا عَلَىٰ
إِخْرَاجِكُمْ أَن تَوَلَّوْهُمْ○وَمَن يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ﴾

"হে মুমিনগণ! তোমরা আমার ও তোমাদের শত্রুকে বন্ধুরূপে গ্রহণ করো না। তোমরা তো তাদের প্রতি বন্ধুত্বের বার্তা পাঠাও; অথচ যে সত্য তোমাদের কাছে আগমন করেছে, তারা তা অস্বীকার করেছে। তারা রাসূলকে ও তোমাদেরকে বহিষ্কার করেছে এ কারণে যে, তোমরা তোমাদের পালনকর্তার প্রতি বিশ্বাস রাখ। যদি তোমরা আমার সন্তুষ্টি লাভের জন্য এবং আমার পথে জিহাদ করার জন্য বের হয়ে থাক; তবে কেন তাদের সাথে গোপনে বন্ধুত্ব করছ? তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর, তা আমি সম্যক অবগত। তোমাদের মধ্যে যে এটা করে, সে সরলপথ থেকে বিচ্যুত হয়ে যায়।

তোমাদেরকে করতলগত করতে পারলে তারা তোমাদের শত্রু হয়ে যাবে এবং মন্দ উদ্দেশ্যে তোমাদের প্রতি বাহু ও রসনা প্রসারিত করবে এবং চাইবে যে, কোনোরূপে তোমরাও কাফের হয়ে যাও। তোমাদের আত্মীয়-স্বজন ও সন্তান-সন্ততি কিয়ামতের দিন কোনো উপকারে আসবে না। তিনি তোমাদের মধ্যে ফায়সালা করবেন। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন। তোমাদের জন্য ইবরাহীম ও তাঁর সঙ্গীগণের মধ্যে রয়েছে উত্তম আদর্শ। তাঁরা তাঁদের সম্প্রদায়কে বলেছিল, তোমাদের সাথে এবং তোমরা আল্লাহর পরিবর্তে যার ইবাদত কর, তার সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। আমরা তোমাদের মানি না। তোমরা এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করলে তোমাদের মধ্যে ও আমাদের মধ্যে চিরশত্রুতা থাকবে। কিন্তু ইবরাহীমের উক্তি তাঁর পিতার উদ্দেশ্যে এর ব্যতিক্রম, তিনি বলেছিলেন, আমি অবশ্যই তোমার জন্য ক্ষমা প্রার্থনা করব। তোমার উপকারের জন্য আল্লাহর কাছে আমার আর কিছু করার নেই। হে আমাদের পালনকর্তা! আমরা তোমারই ওপর ভরসা করেছি, তোমারই দিকে মুখ করেছি এবং তোমারই নিকট আমাদের প্রত্যাবর্তন। হে আমাদের পালনকর্তা! তুমি আমাদেরকে কাফেরদের জন্য পরীক্ষার পাত্র করো না। হে আমাদের পালনকর্তা! আমাদের ক্ষমা কর। নিশ্চয়ই তুমি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। তোমরা যারা আল্লাহ ও পরকাল প্রত্যাশা কর, তোমাদের জন্য তাদের মধ্যে উত্তম আদর্শ রয়েছে। আর যে মুখ ফিরিয়ে নেয়, তার জানা উচিত যে, আল্লাহ অভাবমুক্ত, প্রশংসার্হ। যারা তোমাদের শত্রু, সম্ভবত আল্লাহ তাদের মধ্যে ও তোমাদের মধ্যে বন্ধুত্ব সৃষ্টি করে দেবেন। আল্লাহ সর্বশক্তিমান এবং আল্লাহ ক্ষমাশীল, করুণাময়। দ্বীনের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিষ্কৃত করেনি, তাদের প্রতি সদাচরণ ও ইনসাফ করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয়ই আল্লাহ ইনসাফকারীদেরকে ভালোবাসেন। আল্লাহ কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন, যারা ধর্মের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে, তোমাদেরকে দেশ থেকে বহিষ্কার করেছে এবং বহিষ্কারকার্যে সহায়তা করেছে। যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারাই জালিম।[২৭]

ইবনে কাসীর রহ. বলেন, পবিত্র এ সূরার প্রথমাংশ অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট ছিল হাতিব ইবনে আবী বালতাআ রাযি. এর ঘটনা। ইমাম আহমাদ রহ.[২৮]

২৭ সূরা মুমতাহিনা: ১-৯
২৮ মুসনাদে আহমাদ: ১৭৯

বলেন, ওবায়দুল্লাহ ইবনে আবী রাফি তাঁকে জানিয়েছেন যে, তিনি আলী রাযি. কে বলতে শুনেছেন, রাসূল ﷺ আমাকে, জুবাইর ও মিকদাদকে পাঠালেন এবং বললেন– "এখনই রওয়ানা হয়ে রওজায়ে খাখে পৌঁছে যাও। সেখানে একজন উষ্ট্রারোহী নারীকে পাবে, যার কাছে একটি চিঠি আছে। তার কাছ থেকে তা নিয়ে এস।"

আমরা ঘোড়ায় চড়ে দ্রুত বেগে রওয়ানা হলাম এবং রওজায়ে খাখে পৌঁছলাম। সেখানে সেই উষ্ট্রারোহী নারীকে পেয়ে গেলাম।

আমরা বললাম, "চিঠি বের কর।"

সে বলল, "আমার কাছে কোনো চিঠি নেই।"

আমরা বললাম, "হয় চিঠি বের কর, নয়তো আমরা কাপড় খুলে তল্লাশি করব।"

আলি রাযি. বলেন, তখন সে তার মাথার ঝুঁটি থেকে চিঠিটি বের করে দিল। আমরা চিঠি নিয়ে রাসূল ﷺ এর কাছে ফিরে এলাম। সেই চিঠিতে লেখা ছিল, "হাতিব ইবনে আবী বালতাআ এর পক্ষ থেকে মক্কার কয়েকজন মুশরিকের প্রতি।" তাতে তিনি রাসূল ﷺ এর কিছু ব্যাপার তাদেরকে জানিয়ে দিয়েছেন। তখন রাসূল ﷺ তাঁকে বললেন, "হাতিব এটি কী?"

তিনি বললেন, "আমার ব্যাপারে জলদি কোনো সিদ্ধান্ত নেবেন না। আমি কুরাইশ বংশের ঘনিষ্ঠ ছিলাম; তবে আসল কুরাইশ ছিলাম না। আপনার সাথে যে সকল মুহাজির আছেন, মক্কায় তাঁদের অনেক আত্মীয়-স্বজন আছে, যারা তাঁদের পরিবার–পরিজনকে সুরক্ষা দেয়। যেহেতু তাদের সাথে আমার কোনো বংশীয় সম্পর্ক নেই, তাই আমি চাইছিলাম যে, পরিবার–পরিজনকে বাঁচানোর জন্য তাদের সাথে এমন সম্পর্ক করি। আমি কুফরী কিংবা আমার দ্বীন পরিত্যাগ করে এ কাজ করিনি আর ইসলাম গ্রহণের পর কুফরের প্রতি সন্তুষ্ট হয়েও করিনি।"

তখন রাসূল ﷺ বললেন, "নিশ্চয়ই সে তোমাদেরকে সত্য বলেছে।"

উমর রাযি. বললেন, "আমাকে অনুমতি দিন। এ মুনাফিকের গর্দান উড়িয়ে দিই।"

রাসূল ﷺ বললেন, "সে নিশ্চয়ই বদর যুদ্ধে অংশগ্রহণ করেছে। আর নিশ্চয়ই আল্লাহ বদরী সাহাবীদের ব্যাপারে অবগত রয়েছেন। আল্লাহ তাআলা বলে দিয়েছেন, তোমরা যা-ই ইচ্ছা কর। কারণ আমি তোমাদেরকে ক্ষমা করে দিয়েছি।"

এভাবেই ইবনে মাজাহ ব্যতীত মুহাদ্দিসীনে কেরাম বর্ণনা করেছেন।[২৯] তবে ইবনে মাজাহ রহ. সুফইয়ান ইবনে উয়াইনা ব্যতীত অন্য সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন। ইমাম বুখারী রহ. মাগাযী অধ্যায়ে বৃদ্ধি করেছেন যে, এ (ঘটনার) প্রেক্ষিতে সূরাটি অবতীর্ণ হয়।[৩০]

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ﴾

"হে মুমিনগণ! তোমরা আমার ও তোমাদের শত্রুকে বন্ধুরূপে গ্রহণ করো না।" আল্লাহ তাআলা তাঁর মুমিন বান্দাদেরকে কাফেরদের বয়কট করা, শত্রুতা পোষণ করা, তাদের সাথে বৈরী হওয়া ও তাদের থেকে মুক্ত থাকার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন–

﴿قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنكُمْ﴾

"তোমাদের জন্য রয়েছে ইবরাহীম ও তাঁর সঙ্গীদের মাঝে উত্তম আদর্শ। যখন তাঁরা স্বীয় জাতিকে বললেন, আমরা তোমাদের থেকে পবিত্র।"

অর্থাৎ, আমরা তোমাদের থেকে পবিত্রতা ঘোষণা করছি। وَمِمَّا تَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ "এবং আল্লাহ ব্যতীত তোমরা যাদের উপাসনা কর, তাদের থেকেও। আমরা তোমাদেরকে অস্বীকার করি।" অর্থাৎ, তোমাদের ধর্ম ও মতবাদকে। وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا "আর আমাদের ও তোমাদের মাঝে চিরকাল শত্রুতা ও বিদ্বেষ থাকবে।" অর্থাৎ, এখন থেকে তোমাদের ও আমাদের মাঝে শত্রুতা ও বিদ্বেষ শুরু হয়েছে, যতদিন তোমরা কুফরীর ওপর অটল থাকবে, ততদিন এ শত্রুতা ও বিদ্বেষ থাকবে। আমরা সর্বদা তোমাদের থেকে মুক্ত থাকব এবং তোমাদের প্রতি বিদ্বেষ পোষণ

২৯ বুখারী: ৩০০৭; মুসলিম: ১৪৯৪; আবু দাউদ: ২৬৫০; তিরমিযী: ৩৩০৫; সুনানে কুবরা: ১১৫৮৫
৩০ বুখারী: ৪২৭৪

করব। حَتَّىٰ تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ "যতদিন পর্যন্ত এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করবে।" অর্থাৎ, যতদিন তোমরা একত্ববাদী হয়ে এক আল্লাহর ইবাদত না করবে, যাঁর কোনো শরীক নেই এবং যতদিন আল্লাহর সাথে মূর্তি-প্রতিমা যাদের ইবাদত কর, তাদের থেকে পৃথক না হবে।[৩১]

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ قَدْ يَئِسُوا مِنَ الْآخِرَةِ كَمَا يَئِسَ الْكُفَّارُ مِنْ أَصْحَابِ الْقُبُورِ﴾

"হে মুমিনগণ! আল্লাহ যে জাতির প্রতি রুষ্ট, তোমরা তাদের সাথে বন্ধুত্ব করো না। তারা পরকাল সম্পর্কে নিরাশ হয়ে গেছে, যেমন কবরস্থ কাফেররা নিরাশ হয়ে গেছে।"[৩২]

ইমাম কুরতুবী রহ বলেন, আল্লাহর বাণী, يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ "হে মুমিনগণ! আল্লাহ যে জাতির প্রতি রুষ্ট তোমরা তাদের সাথে বন্ধুত্ব করো না।" অর্থাৎ, ইয়াহুদীদের সাথে তোমরা বন্ধুত্ব করো না। মূল ব্যাপারটি হলো, কিছু গরীব মুসলমান ইয়াহুদীদেরকে মুসলমানদের তথ্য জানিয়ে তাদের সাথে সুসম্পর্ক রাখত। বিনিময়ে তারা কিছু শস্য পেত। এখানে তাদেরকে এ কাজ থেকে নিষেধ করা হয়েছে।

বলা হয়, আল্লাহ তাআলা উক্ত সূরা একই বিষয় দিয়ে শুরু করে সে বিষয় দিয়েই শেষ করেছেন। আর তা হলো কাফেরদের বন্ধুত্ব বর্জন করা। এখানে হাতিব ইবনে আবী বালতাআ এবং অন্যদেরকে উদ্দেশ্য করা হয়েছে।

ইবনে আব্বাস রাযি. বলেন–

{يا أيها الذين آمنوا لاتتولوا} أي لا توالوهم ولا تناصحوهم، رجع تعالى بطوله وفضله على حاطب بن أبي بلتعة

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَوَلَّوْا "হে মুমিনগণ! তোমরা বন্ধুত্ব করো না।" অর্থাৎ, তাদের সাথে অন্তরঙ্গ হয়ো না এবং তাদের কল্যাণকামী হয়ো না। আল্লাহ তাআলা স্বীয় দয়া ও অনুগ্রহে হাতিব ইবনে আবী বালতাআকে ক্ষমা করেছেন।[৩৩]

৩১ তাফসীরে ইবনে কাসীর: ৪/৩৪৫-৩৪৯ পৃ.
৩২ সূরা মুমতাহিনা: ১৩
৩৩ তাফসীরে কুরতুবী: ১৮/৭৬

খ. আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদেরকে জানিয়ে দিয়েছেন, "কাফেররা সর্বদা মুসলমানদের প্রতি শত্রুতাপরায়ণ হয়ে থাকে।"

আল্লাহ তাআলা বলেন–

﴿مَا يَوَدُّ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَلَا الْمُشْرِكِينَ أَن يُنَزَّلَ عَلَيْكُم مِّنْ خَيْرٍ مِّن رَّبِّكُمْ﴾

"আহলে-কিতাবদের মধ্যে যারা কাফের, তারা ও মুশরিকরা চায় না যে, তোমাদের পালনকর্তার পক্ষ থেকে তোমাদের প্রতি কোনো কল্যাণ অবতীর্ণ হোক।"[৩৪]

﴿وَدَّ كَثِيرٌ مِّنْ أَهْلِ الْكِتَابِ لَوْ يَرُدُّونَكُم مِّن بَعْدِ إِيمَانِكُمْ كُفَّارًا حَسَدًا مِّنْ عِندِ أَنفُسِهِم﴾

"আহলে কিতাবদের অনেকেই প্রতিহিংসাবশত চায় যে, তোমরা মুসলমান হওয়ার পর তোমাদেরকে যদি কোনো রকমে কাফের বানিয়ে দিতে পারত।"[৩৫]

তিনি আরও ইরশাদ করেন–

﴿هَا أَنتُمْ أُولَاءِ تُحِبُّونَهُمْ وَلَا يُحِبُّونَكُمْ وَتُؤْمِنُونَ بِالْكِتَابِ كُلِّهِ وَإِذَا لَقُوكُمْ قَالُوا آمَنَّا وَإِذَا خَلَوْا عَضُّوا عَلَيْكُمُ الْأَنَامِلَ مِنَ الْغَيْظِ ۚ قُلْ مُوتُوا بِغَيْظِكُمْ ۗ إِنَّ اللَّهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ۞ إِن تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ وَإِن تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا بِهَا ۖ وَإِن تَصْبِرُوا وَتَتَّقُوا لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْئًا ۗ إِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ﴾

"দেখ, তোমরাই তাদের ভালবাসো। কিন্তু তারা তোমাদের প্রতি মোটেও সদভাব পোষণ করে না। আর তোমরা সমস্ত কিতাবেই বিশ্বাস কর; অথচ তারা যখন তোমাদের সংস্পর্শে আসে তখন বলে, আমরা ঈমান এনেছি। পক্ষান্তরে তারা যখন পৃথক হয়ে যায়, তখন তোমাদের ওপর বিদ্বেষবশত

৩৪ সূরা বাকারা: ১০৫
৩৫ সূরা বাকারা: ১০৯

আঙুল কামড়াতে থাকে। বলুন, তোমাদের আক্রোশে তোমরাই মর। আর অন্তরে যা কিছু আছে, আল্লাহ তা ভালোই জানেন। তোমাদের যদি কোনো মঙ্গল হয়; তাহলে তা তাদেরকে কষ্ট দেয়। আর তোমাদের যদি অমঙ্গল হয়; তাহলে তারা আনন্দিত হয়। তোমরা যদি ধৈর্যশীল হও এবং মুত্তাকী হও; তবে তাদের ষড়যন্ত্র তোমাদের কিছুই করতে পারবে না। নিশ্চয়ই তারা যা কিছু করে, সে সমস্তই আল্লাহর আয়ত্তে রয়েছে।"[৩৬]

আল্লামা কুরতুবী রহ. বলেন–

والمعنى في الآية: أن من كانت هذه صفته من شدة العداوة والحقد والفرح بنزول الشدائد على المؤمنين لم يكن أهلاً لأن يتخذ بطانة، لاسيما في هذا الأمر الجسيم من الجهاد الذي هو ملاك الدنيا والآخرة

"আয়াতের উদ্দেশ্য হলো, যার মধ্যে শত্রুতা, বিদ্বেষ, মুমিনরা বিপদে পড়লে খুশি হওয়া– এসব থাকবে, সে কখনো অন্তরঙ্গ বন্ধু হওয়ার যোগ্য নয়। বিশেষত জিহাদের মতো এ গুরুত্বপূর্ণ কাজে, যেটি দুনিয়া-আখিরাতের খুঁটিস্বরূপ।"[৩৭]

গ. তেমনিভাবে আল্লাহ আমাদেরকে জানিয়ে দিয়েছেন, "যতদিন মুমিনগণ ঈমানের ওপর থাকবেন, ততদিন তারা মুমিনদের প্রতি সন্তুষ্ট হবে না।"

আল্লাহ তাআলা বলেন–

﴿وَلَن تَرْضَىٰ عَنكَ الْيَهُودُ وَلَا النَّصَارَىٰ حَتَّىٰ تَتَّبِعَ مِلَّتَهُمْ قُلْ إِنَّ هُدَى اللَّهِ هُوَ الْهُدَىٰ وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُم بَعْدَ الَّذِي جَاءَكَ مِنَ الْعِلْمِ مَا لَكَ مِنَ اللَّهِ مِن وَلِيٍّ وَلَا نَصِيرٍ﴾

"ইয়াহুদী ও খ্রিস্টানরা কখনোই আপনার প্রতি সন্তুষ্ট হবে না, যে পর্যন্ত না আপনি তাদের ধর্মের অনুসরণ করেন। বলে দিন যে, নিশ্চয়ই আল্লাহ প্রদর্শিত

৩৬ সূরা আলে ইমরান: ১১৯-১২০
৩৭ তাফসীরে কুরতুবী: ৪/১৮১-১৮৩ পৃ.

পথই প্রকৃত পথ। যদি আপনি তাদের আকাঙ্ক্ষাসমূহের অনুসরণ করেন, ঐ জ্ঞান লাভের পর, যা আপনার কাছে পৌঁছেছে; তবে কেউ আল্লাহর কবল থেকে আপনার উদ্ধারকারী ও সাহায্যকারী থাকবে না।"[৩৮]

ঘ. বরং তারা ঈমান আনার পর মুমিনদেরকে আবার কাফের বানিয়ে ফেলতে চায়

আল্লাহ তাআলা বলেন–

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تُطِيعُوا فَرِيقًا مِّنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ يَرُدُّوكُم بَعْدَ إِيمَانِكُمْ كَافِرِينَ﴾

"হে ঈমানদারগণ! তোমরা যদি আহলে কিতাবদের কোনো দলের আনুগত্য কর; তাহলে তোমাদের ঈমান আনার পর তারা তোমাদেরকে কাফেরে পরিণত করে ছাড়বে।"[৩৯]

আরও ইরশাদ হচ্ছে–

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تُطِيعُوا الَّذِينَ كَفَرُوا يَرُدُّوكُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ فَتَنقَلِبُوا خَاسِرِينَ﴾

"হে মুমিনগণ! তোমরা যদি কাফেরদের আনুগত্য কর; তাহলে তারা তোমাদেরকে পেছনে ফিরিয়ে দেবে; তাতে তোমরা ক্ষতির সম্মুখীন হয়ে পড়বে।"[৪০]

ইবনে জারীর তবারী রহ. বলেন, এ আয়াত দ্বারা আল্লাহ তাআলা'র উদ্দেশ্য হলো, হে লোকসকল! যারা আল্লাহর অঙ্গীকার, তাঁর শাস্তি ও আদেশ-নিষেধের ব্যাপারে আল্লাহ ও তাঁর রাসূলকে সত্যবাদী জেনেছ, إِن تُطِيعُوا الَّذِينَ كَفَرُوا "তোমরা যদি কাফেরদের আনুগত্য কর" অর্থাৎ, যেসব ইয়াহুদী ও নাসারা তোমাদের নবী মুহাম্মাদ ﷺ এর নবুওয়াতকে অস্বীকার করে, তারা তোমাদেরকে যা আদেশ-নিষেধ করে; তোমরা যদি সে ক্ষেত্রে তাদের

৩৮ সূরা বাকারা: ১২০
৩৯ সূরা আলে ইমরান: ১০০
৪০ সূরা আলে ইমরান: ১৪৯

মতামতকে গ্রহণ কর। এবং যে বিষয়ে তোমরা ধারণা কর যে, তারা তোমাদের কল্যাণকামী, উক্ত ব্যাপারে যদি তাদের কাছ থেকে কল্যাণ কামনা কর; তবে يَرُدُّوكُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ "ওরা তোমাদেরকে পেছনে ফিরিয়ে দেবে" অর্থাৎ আল্লাহ বলেন, তারা তোমাদেরকে ঈমান আনার পর মুরতাদ বানিয়ে ছাড়বে। ইসলাম গ্রহণের পর আল্লাহ, তাঁর নিদর্শনাবলি এবং রাসূল ﷺ কে অস্বীকার করিয়ে ছাড়বে। ফলে فَتَنقَلِبُوا خَاسِرِينَ "তাতে তোমরা ক্ষতির সম্মুখীন হয়ে পড়বে" অর্থাৎ, তোমাদেরকে যে ঈমান ও দ্বীনের প্রতি আল্লাহ তাআলা পথপ্রদর্শন করেছেন তা থেকে তোমরা সরে যাবে। خَاسِرِينَ "ক্ষতিগ্রস্থ হয়ে" অর্থাৎ, তোমরা ধ্বংসপ্রাপ্ত হয়ে, নিজেদের ক্ষতি নিজেরাই করেছ এবং নিজেদের দ্বীন থেকে পথভ্রষ্ট হয়ে গেছ। খুইয়েছ তোমাদের দুনিয়া ও আখিরাত। এ আয়াতের মাধ্যমে মুমিনদেরকে কাফেরদের মতের আনুগত্য করতে এবং তাদের ধর্মের কল্যাণ কামনা করতে নিষেধ করা হয়েছে।[৪১]

ঙ. আল্লাহ তাআলা'র ভালোবাসা, মুমিনদের সাথে অন্তরঙ্গতা এবং জিহাদ ফী সাবীলিল্লাহর মাঝে সম্পর্ক

মুমিনদের সাথে বন্ধুত্ব এবং কাফেরদের সাথে শত্রুতা পোষণের ব্যাপারে শরীয়াহর হুকুম বর্ণনা করার পর আল্লাহ তাআলা'র প্রতি মুহব্বত ও জিহাদের মধ্যকার গভীর সম্পর্ক বিষয়ক শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর কথাটি হুবহু উল্লেখ করাই শ্রেয় মনে করছি।

ইবনে তাইমিয়া রহ. বলেন–

واسم المحبة فيه إطلاق وعموم، فإن المؤمن يحب الله ويحب رسله وأنبياءه وعباده المؤمنين وإن كان ذلك من محبة الله، وإن كانت المحبة التي لله لا يستحقها غيره، فلهذا جاءت محبة الله مذكورة بما يختص به سبحانه من العبادة والإنابة إليه والتبتل له ونحو ذلك، فكل هذه الأسماء تتضمن محبة الله سبحانه وتعالى.

ثم إنه كان بيّن أن محبته أصل الدين فقد بيّن أن كمال الدين بكمالها، ونقصه بنقصها، فإن النبي صلى الله عليه وسلم قال «رأس الأمر الإسلام،

৪১ তাফসীরে তবারী: ৪/১২২-১২৩ পৃ.

وعموده الصلاة، وذروة سنامه الجهاد في سبيل الله»، فأخبر أن الجهاد ذورة سنام العمل، وهو أعلاه وأشرفه

"মুহব্বত শব্দটি আরবিতে ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। কারণ, মুমিন আল্লাহকে ভালোবাসে, তাঁর নবী-রাসূলগণ ও মুমিন বান্দাদেরকে ভালোবাসে; যদিও হোক না তা আল্লাহ তাআলা'র ভালোবাসারই অংশ। যদিও যে ভালোবাসার হকদার আল্লাহ তাআলা, সেই ভালোবাসার হকদার আল্লাহ ছাড়া কেউ হতে পারে না। তাই তো যেগুলো আল্লাহর সাথে খাস বা নির্দিষ্ট সেসব স্থানে আল্লাহর ভালোবাসার কথা এসেছে। যেমন, ইবাদত, তাওবা, আল্লাহর প্রতি একাগ্রতা ইত্যাদি। এসব শব্দ আল্লাহ তাআলা'র ভালোবাসার পরিচায়ক। এরপর তিনি বলেন, আল্লাহর ভালোবাসা দ্বীনের মূলভিত্তি। এ ভালোবাসা পূর্ণ হলেই দ্বীন পূর্ণ হয়। এ ভালোবাসার অপূর্ণ হলে দ্বীন অপূর্ণ হয়। কারণ, নবী ﷺ বলেন–

رَأْسُ الْأَمْرِ الْإِسْلَامُ، وَعَمُودُهُ الصَّلَاةُ ، وَذِرْوَةُ سَنَامِهِ الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ

"ইসলাম হলো শির। নামাজ হলো তার খুঁটি। আর তার সফলতার চূড়া হলো জিহাদ ফী সাবীলিল্লাহ।" বলা হয়েছে, কাজের শীর্ষ-চূড়া হলো জিহাদ। এটাই উত্তম ও সম্মানজনক কাজ।"

আল্লাহ তাআলা বলেন–

﴿أَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَجَاهَدَ فِي سَبِيلِ اللَّهِ ۚ لَا يَسْتَوُونَ عِندَ اللَّهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ۝ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ أَعْظَمُ دَرَجَةً عِندَ اللَّهِ ۚ وَأُولَٰئِكَ هُمُ الْفَائِزُونَ ۝ يُبَشِّرُهُمْ رَبُّهُم بِرَحْمَةٍ مِّنْهُ وَرِضْوَانٍ وَجَنَّاتٍ لَّهُمْ فِيهَا نَعِيمٌ مُّقِيمٌ– خَالِدِينَ فِيهَا أَبَدًا ۚ إِنَّ اللَّهَ عِندَهُ أَجْرٌ عَظِيمٌ﴾

"তোমরা কি হাজীদের পানি সরবরাহ ও মাসজিদুল হারাম রক্ষণাবেক্ষণকে সেই লোকের সমান মনে কর, যারা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান আনে এবং আল্লাহর পথে জিহাদ করে? আল্লাহর কাছে তারা সমান নয়। আর

আল্লাহ জালিম লোকদের পথপ্রদর্শন করেন না। যাঁরা ঈমান এনেছে, হিজরত করে এবং আল্লাহর পথে নিজেদের জান ও মাল দিয়ে জিহাদ করে; আল্লাহর কাছে তাঁরা মর্যাদায় শ্রেষ্ঠ আর তাঁরাই সফলকাম। তাঁদের প্রতিপালক সুসংবাদ দিচ্ছেন, স্বীয় দয়া ও সন্তোষের এবং জান্নাতের, সেখানে আছে তাঁদের জন্য স্থায়ী শান্তি। তথায় তারা চিরদিন থাকবে। নিঃসন্দেহে আল্লাহর কাছে আছে মহাপুরস্কার।"[৪২]

জিহাদ ও মুজাহিদের ফযীলত সংক্রান্ত আয়াত ও হাদীস অসংখ্য। এটা প্রমাণিত যে, জিহাদই বান্দার জন্য সবচেয়ে উত্তম ইবাদত। আর জিহাদই হলো আল্লাহর প্রতি পূর্ণ ভালোবাসার প্রমাণ। আল্লাহ বলেন–

